


# যুগান্তর

## ইউল্যাবে শেষ হল উচ্চ শিক্ষা নিয়ে দু'দিনের সম্মেলন

প্রকাশ : ২৪ আগস্ট ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর ডেস্ক

ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশে (ইউল্যাব) উচ্চ শিক্ষার মান অর্জনের লক্ষ্যে উচ্চ শিক্ষা সম্পর্কিত দু'দিনব্যাপী প্রথম সিইটিএল সম্মেলন শুক্রবার ইউল্যাব অডিটোরিয়ামে শেষ হয়েছে। সম্মেলনের শেষ দিনে প্রধান অতিথি ছিলেন প্রধান উপদেষ্টা ও ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা ভিসি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাস উদ্দিন। ধন্যবাদ জ্ঞাপন করেন ইউল্যাবের প্রোভিসি অধ্যাপক ড. সামসাদ মর্তুজা। সবশেষে ইউল্যাবের ভিসি অধ্যাপক ড. এইচএম জহিরুল হক সম্মেলনে অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদান করেন। সম্মেলনের শেষ দিনে পুনারি সেশনে অংশ নেন অধ্যাপক ড. সলিমুল্লাহ খান (ডিরেক্টর সেন্টার ফর অ্যাডভান্সড থিউরি, ইউল্যাব), ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট অব এডুকেশন অ্যান্ড রিসার্চের (আইইআর) অধ্যাপক ড. আরিফুল হক কবির প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।